

D-8, G-7, G-20, G-77

ডি-৮ (D-8)

উন্নয়নশীল ৮টি দেশ নিয়ে গঠিত আন্তর্জাতিক সংস্থা ডি-৮ (D-8 or Developing Eight) নামে পরিচিত। এই সংস্থাটি একটি অর্থনৈতিক উন্নয়ন জোট। বাংলাদেশ, মিশর, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ইরান, নাইজেরিয়া, পাকিস্তান এবং তুরস্ক এই ৮ টি দেশ নিয়ে ডি-৮ সংস্থা গঠিত।

ডি-৮ ১৯৯৭ সালে জুনের ১৫ তারিখে ইস্তাম্বুল ঘোষণার মাধ্যমে যাত্রা শুরু করে।

ডি-৮ এর উদ্দেশ্য হল উন্নয়নশীল দেশ গুলোর উন্নতি সাধন করা ও বিশ্ব অর্থনীতিতে নিজেদের অবস্থান সুদৃঢ় করা, পারস্পরিক বাণিজ্যিক সম্পর্ক ও সুবিধা বৃদ্ধি করা, আর আন্তর্জাতিক পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে সকলের অংশগ্রহণ বৃদ্ধি করা ও মানসম্মত জীবন যাপন নিশ্চিত করা। ডি-৮ এর সহযোগিতার প্রধান খাত গুলোর মধ্যে রয়েছে, আর্থিক, ব্যাংকিং, গ্রাম্য উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তি, মানব কল্যাণ ও মানবাধিকার, কৃষি, জালানি, পরিবেশ, এবং স্বাস্থ্য ইত্যাদি।

জি-৭ (Group of Seven/G-7)

আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের সাতটি মূল উন্নত অর্থনীতির দেশ।

সদস্য- জাপান, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র।

জি-৭ গ্রুপের পরবর্তী সম্মেলন অনুষ্ঠিত হবে ১১-১৩ জুন, ২০২১ সালে। সম্মেলনটির সভাপতিত্ব করবেন বরিস জনসন (ব্রিটেন)। ২০২০ সালের সম্মেলনটি জাপানে অনুষ্ঠিত হবার কথা ছিল, তবে সেটি বাতিল করা হয়।

জি ৮ থেকে জি ৭

রাশিয়ার ক্রিমিয়া অধিগ্রহণকে কেন্দ্র করে ২০১৪ সালে বিস্তার বিবাদ সৃষ্টি হয়। ফলস্বরূপ রাশিয়া এই গ্রুপ থেকে নিজেদের সরিয়ে নেয়। তাই এটি এখন ৭ দেশের একটি গ্রুপ।

G-77

জি- ৭৭ হল জাতিসংঘের উদ্যোগে গঠিত উন্নয়নশীল দেশগুলোর একটি জোট। সুইজারল্যান্ডের জেনেভা সম্মেলনের মাধ্যমে এই জোট গঠিত হয়। এ জোট গঠনের মূল উদ্দেশ্য হলো উন্নত এবং উন্নয়নশীল বিশ্বের জীবনযাত্রার ক্রমবর্ধমান পার্থক্য হ্রাস করা। এই সংস্থার কোন সদর দপ্তর নেই। এটি তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশসমূহের অর্থনৈতিক এবং রাজনৈতিক সংগঠন হিসেবে পরিচিত। জি-৭৭ এর সর্বশেষ সম্মেলন অনুষ্ঠিত হয় ২৭ সেপ্টেম্বর, ২০১৮ সালে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে। বাংলাদেশ ১৯৮২-৮৩ সালে সংস্থাটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করে।

- প্রতিষ্ঠাকালঃ ১৫ জুন, ১৯৬৪ সাল।
- প্রতিষ্ঠাকালীন সদস্যঃ ৭৭ (এ কারণে এর নামকরণ করা হয় G-77) ।
- বর্তমান সদস্য সংখ্যাঃ ১৩৪ টি ।
- সদর দপ্তরঃ নেই।
- বর্তমান চেয়ারম্যানঃ গায়ানা (২০২০ সালে দায়িত্বপ্রাপ্ত) ।
- বর্তমান মহাসচিবঃ মুরাদ আহমি (আলজেরিয়া...)

G- 20

G-20 এর পূর্ণরূপ- Group of Twenty Finance Ministers and Governors । এটি সরকার এবং কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরদের সমন্বয়ে গঠিত একটি সংস্থা। ইউরোপীয় ইউনিয়ন এবং আরো ১৯টি দেশের সমন্বয়ে জি-২০ গঠিত। এই গ্রুপের অন্তর্ভুক্ত দেশ সময়ে রাষ্ট্রপ্রধান এবং সরকারপ্রধান নিজ নিজ দেশের প্রতিনিধিত্ব করতে পারেন। সামগ্রিকভাবে এ গ্রুপের অন্তর্ভুক্ত দেশ সমূহ পৃথিবীর দুই-তৃতীয়াংশ জনসংখ্যাকে প্রতিনিধিত্ব করে। এছাড়াও বিশ্ব বাণিজ্যের ৮০% এবং মোট উৎপাদনের ৮৫% নিয়ন্ত্রণ করে

- প্রতিষ্ঠাকালঃ ২৬ সেপ্টেম্বর, ১৯৯৯ সাল।
- বর্তমান চেয়ারম্যানঃ গিসেপ কন্তে (ইতালির প্রধানমন্ত্রী)।
- সদস্য দেশঃ ২০টি দেশ।
- সদস্য দেশগুলো হলোঃ আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, ফ্রান্স, জার্মানি, ভারত, ইন্দোনেশিয়া, ইতালি, জাপান, মেক্সিকো, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, দক্ষিণ কোরিয়া, তুরস্ক, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, এবং ইউরোপীয় ইউনিয়ন।